গণপ্রজাতন্ত্রী বাংলাদেশে সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি এস.এম. মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলা নগর,ঢাকা-১২০৭।
www.nanl.gov.bd

স্মারক নং-৪৩.২৫.০০০০.০০৩.১১.৩৩৪.২৫/১৭৫৫ তারিখ: ১৪৩২ / ১৩/০৭/২০২৫

## নিয়োগপত্র

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০২৩ অনুযায়ী ০৯/০৭/২০২৫ তারিখের বিভাগীয় নির্বাচন/বাছাই কমিটির সুপারিশের ভিত্তিতে নিম্নবর্ণিত প্রার্থীগণকে কলাম ৪-এ বর্ণিত পদ, গ্রেড ও বেতনস্কেলে (জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী) নিম্নোক্ত শর্তসাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলো:

| ক্র. নং | রোল নম্বর | আবেদনকারী নাম, পিতার নাম, মাতার নাম ও জন্ম তারিখ | পদের নাম, গ্রেড ও বেতনস্কেল | স্থায়ী ঠিকানা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১. | ১২০০০৪৭ | নাম : জনাব মোঃ রিপন ইসলাম শেখ<br>পিতার নাম : জনাব মোঃ আব্দুল হাকিম<br>মাতার নাম : জনাব রশিদা বিবি<br>জন্ম তারিখ : ০৭/০৭/১৯৯৯ | পদের নাম: সিনিয়র টেকনিক্যাল এসিসটেন্ট (লাইব্রেরি)<br>গ্রেড-১৩<br>বেতনস্কেল: ১১০০০-২৬৫৯০/- | গ্রাম : হোসেনপুর<br>ডাকঘর : রামগাঁ<br>উপজেলা : মান্দা<br>জেলা : নওগাঁ। |

শর্তাবলী:

১। চাকুরির প্রথম ০২ (দুই) বছর শিক্ষানবিশি হিসেবে গণ্য করা হবে। নিয়োগকারী কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে শিক্ষানবিশির মেয়াদ আরও ০২ (দুই) বছর পর্যন্ত বৃদ্ধি করতে পারবেন।

২। শিক্ষানবিশির মেয়াদে তার আচরণ ও কার্যাবলী সন্তোষজনক বিবেচিত না হলে কোন কারণ দর্শানো ছাড়াই নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকুরির অবসান ঘটাতে পারবেন।

৩। শিক্ষানবিশ মেয়াদ অতিক্রান্তের পর তার চাকুরি সন্তোষজনক হলে সরকারি বিধি-বিধান মোতাবেক চাকুরি স্থায়ী করা হবে।

৪। এই নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এইরূপ কোন চাকুরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত আইন, বিধি, আদেশ এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান চাকুরি ক্ষেত্রে প্রযোজ্য হবে।

৫। চাকুরিতে যোগদানের সময় সিভিল সার্জন-এর নিকট হতে স্বাস্থ্যগত উপযুক্ততার সনদপত্র দাখিল করতে হবে।

৬। যোগদানপত্রের সাথে জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে।

৭। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক ফটোকপি দাখিল করতে হবে।

৮। চাকুরি থেকে পদত্যাগ করতে চাইলে ০১ (এক) মাস পূর্বে নোটিশ প্রদান করতে হবে অথবা ০১ (এক) মাসের বেতনের সমপরিমাণ অর্থ সরকারি কোষাগারে জমা দিয়ে চালানের কপিসহ পদত্যাগপত্র পেশ করতে হবে।

৯। নিয়োগপ্রাপ্ত ব্যক্তির পূর্বকার্যকলাপ সম্পর্কে পুলিশ ভেরিফিকেশন প্রতিবেদন না পাওয়া পর্যন্ত এ নিয়োগ সাময়িক বলে বিবেচিত হবে। পুলিশী ভেরিফিকেশন প্রতিবেদন সন্তোষজনক না হলে অথবা পুলিশী যাচাই প্রতিবেদনে কোনোরূপ বিরূপ মন্তব্য থাকলে এ নিয়োগ আদেশ বাতিল বলে গণ্য হবে।

১০। উল্লিখিত শর্তসমূহ প্রতিপালনপূর্বক প্রার্থীকে আগামী ৩১/০৭/২০২৫ তারিখ পূর্বাহ্নে আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে যোগদান করতে হবে।

১১। যোগদানের তারিখ হতে এ নিয়োগ কার্যকর হবে। নির্ধারিত তারিখে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে এবং যোগদানে ব্যর্থতাজনিত কারণে বাতিল নিয়োগপত্রের বিষয়ে কোনো আদালতের আশ্রয় গ্রহণযোগ্য হবে না।

১২। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(খন্দকার জহিরুল ইসলাম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ২২২২১৮৩৪৬
ই-মেইল: dg@nanl.gov.bd

প্রতি:

জনাব মোঃ রিপন ইসলাম শেখ, পিতার নাম : জনাব মোঃ আব্দুল হাকিম, গ্রাম : হোসেনপুর, ডাকঘর : রামগাঁ, উপজেলা : মান্দা, জেলা : নওগাঁ।

স্মারক নং-৪৩.২৫.০০০০.০০৩.১১.৩৩৪.২৫/১৭৫৫ তারিখ: ১৩/০৭/২০২৫ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সিভিল সার্জন, সিভিল সার্জন-এর কার্যালয়, নওগাঁ/ঢাকা **(নিয়োগপ্রাপ্ত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষাপূর্বক সনদ প্রদানের জন্য অনুরোধ জানানো হলো)**।

৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

৫। প্রোগ্রামার ও ডিডিও, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, ঢাকা।

৬। সংশ্লিষ্ট নথি।

13/7/2025

(মোঃ আবু দাউদ)
উপপরিচালক (প্রশাসন)